



ALL INDIA RADIO, SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI/ বাংলা

29 MARCH 2024

7:35 – 7:40 AM IST

দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনে শিলচর, করিমগঞ্জ সহ আসামের মোট ৫ টি আসনের জন্য গতকাল আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। দ্বিতীয় পর্যায়ে আসামে ৫টি, মণিপুর, ত্রিপুরায় একটি করে সমগ্র দেশে ৮৮টি আসনে ভোট গ্রহন করা হবে।

কাছাড়ের রিটর্নিং অফিসার রোহন কুমার বা গতকাল আনুষ্ঠানিকভাবে শিলচর সংরক্ষিত লোকসভা আসনের বিজ্ঞপ্তি জারী করে জানিয়েছেন যে গতকাল সকাল ১১টা থেকে শুরু হওয়া মনোনয়ন প্রক্রিয়া আগামী চৌঠা এপ্রিল বিকেল তিনটে পর্যন্ত চলবে। আগামী ৫ই এপ্রিল মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করা হবে এবং আগামী ৮ই এপ্রিল বিকেল তিনটে পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে।

জেলা নির্বাচনী আধিকারীক শ্রী বা আরো জানান যে শিলচর লোকসভা আসনের ব্যয় পর্যবেক্ষক, ভারতীয় রাজস্ব সেবার আধিকারীক রাজকুমার কেন্দ্রা ইতিমধ্যে শিলচর এসে পৌঁছেছেন এবং ভোট গ্রহন পর্যন্ত শ্রী কেন্দ্রা শিলচর আর্বত ভবনে অবস্থান করবেন। শ্রী বা জানান যে কাছাড় জেলায় মোট ১৫৫টি ভোট গ্রহন কেন্দ্র স্থাপন করা হবে। এরমধ্যে ২১০টি মহিলা পরিচালিত ভোট কেন্দ্র, ১৪টি আর্দশ ভোট কেন্দ্র এবং সাতটি বিশেষভাবে সক্ষম ব্যক্তি দ্বারা পরিচালিত ভোট কেন্দ্র থাকবে। এবারের নির্বাচনে কাছাড় জেলায় ১১৭ জন শতবর্ষের উপরের ভোটার রয়েছেন যাদের ভোটের দিন জেলা প্রশাসন থেকে বিশেষভাবে সংবর্ধনা জানানো হবে বলে রিটর্নিং অফিসার শ্রী বা জানান।

অন্যদিকে করিমগঞ্জ লোকসভা আসনের জন্যও গতকাল নির্বাচনী আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । করিমগঞ্জ লোকসভা নির্বাচন কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা জেলা আয়ুক্ত মৃদুল যাদব এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে করিমগঞ্জ লোকসভা আসনে নির্বাচনে অবতীর্ণ হতে ইচ্ছুক প্রার্থীরা করিমগঞ্জ জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারীক বা জেলা আয়ুক্তের কার্যালয়ের সহকারী রিটার্নিং অফিসারের কাছে আগামী চৌঠা এপ্রিল বিকেল তিনটের মধ্যে মনোনয়ন পত্র জমা করতে পারবেন ।

প্রথম পর্যায়ে রাজ্যে পাঁচটি লোকসভা আসনের জন্য অনুষ্ঠেয় নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান ক্রমশঃ গতি লাভ করছে । বিজেপির প্রবীণ নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল গোলাঘাট জেলার নুমুলিগড়ে জনসাধারণের সঙ্গে মত বিনিময় করেন । ডিব্রুগড় আসনের প্রার্থী তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল টিংখং বিধানসভা আসনে নির্বাচনী প্রচারে অংশ নেন । এই আসনে অসম জাতীয় পরিষদের প্রার্থী লুরিনজ্যোতি গগৈ গতকাল দুলিয়াজান এবং নাহরকটিয়া বিধানসভা এলাকায় প্রচার চালাইয়েছেন । রঙিয়াতে দরং-উদালগুড়ি আসনের বিজেপি প্রার্থী সাংসদ দিলীপ শইকিয়াও প্রচারে অংশ নেন । এদিকে যোরহাট লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী গৌরব গগৈ গতকাল শিবসাগর জেলার আমগুড়ি এবং শিবসাগরের পাশ্ববর্তী অঞ্চলে নির্বাচনী প্রচার সভায় অংশ নেন । এদিকে করিমগঞ্জ জেলার উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনের কানিশাইলে গতকাল বিজেপি'র প্রবীণ নেতা মিশন রঞ্জন দাস দলীয় প্রার্থী তথা বর্তমান সাংসদ কৃপানাথ মালাহ'র হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিয়েছেন ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে লোকসভা নির্বাচনের প্রাক প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে । জেলা আয়ুক্ত নিসাগ হিভারে গৌতম জানিয়েছেন যে ভোট কর্মীদের প্রশিক্ষণ , ই ভি এম মেশিনের রেনডোমাইজেশনের কাজ সম্পন্ন হয়েছে । এদিকে জেলার নতুন ভোটারদের ভোটদানে উৎসাহিত করতে জেলার কলেজগুলিতে গতকাল থেকে বিশেষ সচেতনতা অভিযান শুরু হয়েছে ।

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবং আসাম বিশ্ববিদ্যালয়ের সহযোগীতায় গতকাল বিশ্ববিদ্যালয়ের বিপিন চন্দ্র পাল সভাপতিত্বে ভোটার সচেতনতা কার্যসূচী পালিত হয়েছে । সমাজ কর্ম বিভাগের অধ্যাপক উক্টর এম গঙ্গাভূষনের পৌরহিত্যে আয়োজিত সভায় নেহরু যুব কেন্দ্রের উপ-সঞ্চালক মেহবুব আলম লস্কর যুব ভোটারদের ভোট দানের গুরুত্ব সম্পর্কে অবগত করেছেন ।

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষ্যে নতুন ভোটারদের সচেতন করতে গতকাল কাটলীছড়া এস কে রায় কলেজে ভোটার সচেতনতা কর্মশালা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসনের পক্ষে সহকারী আয়ুক্ত পূজা দাওলাগাপু প্রথমবারের মতো ভোট দিতে যাওয়া ছাত্র ছাত্রীদের ভোটদানের প্রয়োজনীয়তা ও তাঁদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে অবগত করেন। এছাড়াও ছাত্র ছাত্রীদের মধ্যে তাৎক্ষণিক কুইজ প্রতিযোগিতা এবং কলেজ প্রাঙ্গণে একটি পথ নাটিকা অনুষ্ঠিত হয়।

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে হাইলাকান্দি ও লালা শহরে মহিলাদের বিরুদ্ধে সংগঠিত অসামাজিক কাজ, ছিনতাই, ট্রাফিক নিয়ম ভঙ্গ, চুরির ঘটনা সহ অন্যান্য বেআইনী কার্যকলাপ প্রতিরোধে ১৫টি সি সি টিভি ক্যামেরা বসানো হয়েছে। জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানিয়েছেন যে বেটি বাঁচাও-বেটি পড়াও কার্যসূচীর অধীনে বিভিন্ন বেআইনী ও অসাংবিধানিক কার্যকলাপ পর্যবেক্ষন ও সনাক্ত করার জন্য দুই শহরে ১৫টি সি সি ক্যামেরা বসানো হয়েছে। জেলা আয়ুক্ত শ্রী হিভারে এই সি সি ক্যামেরাগুলি ২৪ ঘন্টা পর্যবেক্ষনের একজন পুলিশ নিয়োগ করতে পুলিশ প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ম্যানেজমেন্ট কমিটি অফ রাখানগর সার্বজনীন কালী মন্দিরের সহযোগীতায় আগামী দোসরা এপ্রিল বড়খলা বিধানসভা কেন্দ্রের ছোট দুখপাতিল এলাকার রাখানগর সার্বজনীন কালী মন্দির প্রাঙ্গণে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০টায় শুরু হবে।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে এবং বিহাড়া দেশবন্ধু ক্লাবের সহযোগীতায় আগামী ৩১শে মার্চ বিহাড়া বাজার দেশবন্ধু ক্লাব প্রাঙ্গণে বিনামূল্যে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০টায় শুরু হবে।
